



৩ এপ্রিল, ২০১৯-বুধবার বেলা ১ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ এর উদ্যোগে তৃতীয় আবৃত্তি উৎসব-২০১৯ এর উদ্বোধন ঘোষণা করেন কবি নির্মলেন্দু গুণ। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ এর শিক্ষা ও প্রশিক্ষণ উপদেষ্টা ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক মুহাম্মদ কামরুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ আবৃত্তি সমন্বয় পরিষদের সাধারণ সম্পাদক আহকাম উল্লাহ।

উল্লেখ্য উৎসবে কবি নির্মলেন্দু গুণকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ পদক প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের পাশাপাশি কবি নির্মলেন্দু গুণ সহ বিভিন্ন আবৃত্তি সংগঠন এবং আমন্ত্রিত ও একক আবৃত্তি শিল্পীরা আবৃত্তি পরিবেশন করার পাশাপাশি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ অনুষ্ঠানটি উপভোগ করেন।